

মুরাদনগর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ
(বিআরডিবি'র সমর্থনপুষ্টি)
মুরাদনগর, কুমিল্লা।

স্মারক নং-৪৭.৬২.১৯.৮১.১০২.০৪.০৫৮.২০.৩৩৫

“বিশেষ সাধারণ সভা ও নির্বাচনের নোটিশ”

তারিখঃ ২৩/০৭/২০২০খ্রিঃ

এতদ্বারা মুরাদনগর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর আওতাভুক্ত সকল সদস্য সমিতি ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমিতির ব্যবস্থাপনা কমিটির ২১/০৬/২০২০খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত ও সমবায় বিধিমালা ২০০৪ইং মোতাবেক মুরাদনগর ইউসিসিএ লিঃ এর “বিশেষ সাধারণ সভা” ও ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/২০২০খ্রি. অনুষ্ঠানের লক্ষ্যে আগামী ০৮/১০/২০২০খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ৯.৩০ ঘটিকায় কেন্দ্রীয় সমবায় সমিতির প্রশিক্ষণ হলে এক বিশেষ সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সকাল ৯.৩০ ঘটিকা হতে সকাল ১০.০০ ঘটিকা পর্যন্ত বিশেষ সাধারণ সভা ও সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত বিশেষ সাধারণ সভায় যোগদান ও নির্বাচনে ভোটদানের জন্য সংশ্লিষ্ট সদস্য সমিতির ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তক্রমে প্রতিনিধি নির্বাচন করে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক রেজুলিউশনের সত্যায়িত অনুলিপি প্রতিনিধি পরিচয়পত্রসহ প্রতিনিধি সংক্রান্ত যাবতীয় কাগজপত্র আগামী ০৫/১০/২০২০খ্রিঃ তারিখের মধ্যে অত্রাফিসে অফিস চলাকালীন সময়ে জমা করার জন্য অনুরোধ জানানো হলো।

উল্লেখ্য যে, মুরাদনগর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর উক্ত নির্বাচনে সকল সদস্য সমিতির প্রতিনিধির ভোটে ০১ (এক) জন সভাপতি, ০১ (এক) জন সহ-সভাপতি এবং স্ব স্ব নির্বাচনী এলাকা ভিত্তিক ১ জন করে কৃষক সমবায় সমিতি ও বিত্তহীন সমবায় সমিতির ০৪টি ব্লক হতে ০৪ (চার) জন, মহিলা সমবায় সমিতিসমূহের ০২ (দুই) টি ব্লক হতে ০২ (দুই) জনসহ ০৬ (ছয়) জন এবং সর্বমোট ০৮ (আট) সদস্য নির্বাচিত হবেন। নির্বাচন সংক্রান্ত প্রয়োজনীয় তফসীল নির্বাচন পরিচালনা কমিটি কর্তৃক যথাসময়ে জারী করা হবে। ব্যবস্থাপনা কমিটির কোন পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সংশ্লিষ্ট সদস্য সমিতি/প্রতিনিধিকে সমবায় সমিতি আইন ২০০১ ও সমবায় বিধিমালা ২০০৪ এর সংশ্লিষ্ট ধারা এবং নির্বাচন আইন অনুসারে যোগ্য হতে হবে।

বিশেষ সাধারণ সভার আলোচ্য সূচীঃ

- ১। বিশেষ সাধারণ সভার সভাপতি নির্বাচন।
- ২। বিগত বিশেষ সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ৩। নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণ ও ফলাফল ঘোষণা।


সংযোজনঃ-

- ১। এলাকা ভিত্তিক ভোটার/সদস্য সমিতির তালিকা ০১ প্রস্থ।
- ২। প্রতিনিধির পরিচয়পত্রের নমুনা ০১ প্রস্থ।
- ৩। প্রতিনিধি নিয়োগের রেজুলিউশনের নমুনা ০১ প্রস্থ।

স্মারক নং-৪৭.৬২.১৯.৮১.১০২.০৪.০৫৮.২০.৩৩৫


অনুলিপিঃ- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। ম্যানেজার কৃষক/বিত্তহীন/মহিলা সমবায় সমিতি লিঃ, মুরাদনগর, কুমিল্লা।
- ২। পরিদর্শক (সকল)/মাঠ সংগঠক (মহিলা উন্নয়ন অনুবিভাগ), মুরাদনগর ইউসিসিএ লিঃ, মুরাদনগর, কুমিল্লা।
- ৩। জুনিয়র অফিসার (হিসাব)/এআরডিও, বিআরডিবি, মুরাদনগর, কুমিল্লা।
- ৪। সভাপতি/সহ সভাপতি/সদস্য (সকল), ব্যবস্থাপনা কমিটি, মুরাদনগর ইউসিসিএ লিঃ, কুমিল্লা।
- ৫। উপজেলা সমবায় অফিসার, মুরাদনগর, কুমিল্লা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা।
- ৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুরাদনগর, কুমিল্লা।
- ৮। জেলা সমবায় অফিসার, কুমিল্লা।
- ৯। উপপরিচালক, বিআরডিবি, কুমিল্লা।
- ১০। যুগ্ম নিবন্ধক, সমবায় সমিতি সমূহ, বিভাগীয় সমবায় কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ১১। নোটিশ বোর্ড।
- ১২। সংশ্লিষ্ট নথি।



রমেন কুমার সাহা
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
মুরাদনগর, কুমিল্লা।

তারিখঃ ২৩/০৭/২০২০খ্রিঃ



রমেন কুমার সাহা
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
মুরাদনগর, কুমিল্লা।